

# এইচএসসির প্রথম দিনে অনুপস্থিত ১৯৭৫৯ পরীক্ষার্থী, বহিষ্কার ৪৩

নিজস্ব প্রতিবেদক



বৃহস্পতিবার সকালে পরীক্ষাকেন্দ্রের সামনে পরীক্ষার্থীদের ভিড়। ছবি : কালের কণ্ঠ

এইচএসসি ও সমমনা পরীক্ষা শুরু হয়েছে আজ বৃহস্পতিবার।

প্রথম দিনে সারা দেশে ১৯ হাজার ৭৫৯ পরীক্ষার্থী অনুপস্থিত ছিলেন। এদিকে অসদুপায় অবলম্বনের দায়ে ৪৩ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

বৃহস্পতিবার বিকেলে ১১টি শিক্ষা বোর্ডের মোর্চা বাংলাদেশ আন্তর্জাতিক শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি এ তথ্য জানিয়েছে।

বহিষ্কৃত শিক্ষার্থীদের মধ্যে ৬ জন এইচএসসির, ২৪ জন আলিমের এবং ১৩ জন কারিগরির। এর মধ্যে রাজশাহী বোর্ডে একজন, কুমিল্লা বোর্ডে তিনজন, বরিশাল বোর্ডে একজন ও ময়মনসিংহ বোর্ডে একজন রয়েছেন।

বৃহস্পতিবার এইচএসসির ৯টি সাধারণ ধারার শিক্ষা বোর্ডের অধীন বাংলা (আবশ্যিক) প্রথম পত্র পরীক্ষায় ৯ লাখ ১৮ হাজার ২৭৭ জন পরীক্ষার্থী অংশ নেন। এতে অনুপস্থিত ছিলেন ১৪ হাজার ৫১৩ জন পরীক্ষার্থী।

১ হাজার ৬০০টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

মাদরাসা বোর্ডের অধীন আলিম পরীক্ষায় প্রথম দিনে অনুপস্থিত ছিলেন ৪ হাজার ১৯৬ জন এবং কারিগরি বোর্ডে ১ হাজার ৫০ জন পরীক্ষায় অংশ নেননি।